

## বার্ণবা করুণা প্রদর্শন করেছিলেন

যারা শিশুদের শিক্ষা দেবে তারা অবশ্যই পড়ুন L4b

যীশু আমাদের আদেশ দিয়েছিলেন অন্যদের ভালবাসতে, শত্রুদের ক্ষমা করতে এবং আনন্দের সঙ্গে সহযোগিতা করতে।

প্রার্থনাঃ “স্বর্গীয় পিতা, আমরা তোমাকে চাই যেন আমরা অন্যদের ক্ষমা করতে সমর্থ হই, আমাদের শত্রুদেরও; যেমন তুমি আমাদের ক্ষমা করেছো।”

১. নম্রতা ও করুণার দ্বারা অন্যকে পরিচর্যা করার জন্য প্রভুর বাক্য দ্বারা প্রস্তুত হন।

প্রেরিত ৪ঃ৩৪-৩৭ পদে দেখুন, বার্ণবা কি করেছিলেন যখন উপাসকমণ্ডলীতে বিশ্বাসীরা ছিল।

প্রেরিত ৯ঃ২৪-২৭ পদে দেখুন, যখন লোকেরা শৌলকে (যাকে পরে পৌল বলা হত) ভয় করত তখন বার্ণবা কি করেছিলেন।

প্রেরিত ১১ঃ২০-৩০ পদে দেখুন ...

- যখন ঘৃণ্য চোখে দেখা হেলেনিস্টরা (গ্রীক) ‘খ্রীষ্টীয়ান’ হয়েছিল, তখন বার্ণবা কি করেছিলেন।
- যখন ঘৃণার চোখে দেখা হেলেনিস্টদের উপযুক্ত শিক্ষকের প্রয়োজন ছিল, তখন বার্ণবা কি করেছিলেন।

প্রেরিত ১৫ঃ১-৪ পদে দেখুন পৌল ও বার্ণবা কি করেছিলেন যখন ইহুদি খ্রীষ্টানরা চেয়েছিল অ-ইহুদিরা ইহুদিদের প্রথা গ্রহণ করুক।

যোহন ১৩ঃ৩৪ এবং ৩৫ পদে দেখুন যীশু কি আদেশ দিয়েছিলেন তাঁর সমস্ত অনুসরণকারীদের করার জন্য।

মথি ২০ঃ১-১৬ পদে দেখুন নতুন বিশ্বাসীদের প্রতি আমাদের আচরণ কিরূপ হবে, যদিও আমরা খ্রীষ্টের জন্য অনেক কঠিন কাজ করেছি এবং তাঁর জন্য তাদের থেকে অনেক বেশী কষ্ট সহ্য করেছি।

১ করিন্থীয় ১৩ অধ্যায়ে দেখুন ...

- যদি আমরা প্রেমে না চলি তবে আমাদের উপহারের মূল্য কতটা?
- প্রেমর বিষয়গুলো কি কি?
- কোন্ কোন্ বিষয়গুলো প্রেম নয়?
- প্রেম কি কি করে?
- প্রেম কি কি করে না?

লুক ২ঃ৩৩ এবং ৩৪ পদ ও প্রেরিত ৭ঃ৫৮-৬০ পদ দেখুন, যীশু এবং স্তিফান দুজনে কি প্রার্থনা করেছিলেন, যেটা বিশ্বাসীদের দেখায় যে শত্রুদের প্রতি কি করতে হবে?



রোমীয় ১৪ঃ১-৫ পদে দেখুন, প্রভু যীশুকে কিভাবে সেবা করতে হবে, সেই বিষয়ে যাদের ভিন্ন মত আছে, তাদের বিশ্বাসীদের কিভাবে সম্মান করা উচিত।

২. এইসপ্তাহে কি কি কাজ করবেন তা নিয়ে সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।

নাম বলুন সেই বিশ্বাসীদের যারা হয়ত ক্ষমাশীল নয় অথবা যারা তাদের ক্ষতি করেছে তাদের প্রতি ক্ষুব্ধ। সেই বিশ্বাসীদের সঙ্গে সাক্ষাৎ করতে যান এবং তাদের সঙ্গে প্রার্থনা করুন যেন তারা তাদের বিরোধীদের ক্ষমা করতে পারে।

আগে থেকে আলোচনা করে রাখুন কিভাবে আপনি খুব অমায়িকভাবে সেই সমস্ত বিশ্বাসীদের উপদেশ দেবেন যারা এইরূপ জিনিস বলে থাকেঃ

- “সে অন্যদের সাহায্য করেছে ভাল কাজ পাবার আশায়, কিন্তু এই ধরনের কোন কিছু সে আমার জন্য করেনি।”
- “কেউ কেউ তাদের শিক্ষার মধ্যে দিয়ে আমাকে ক্ষুব্ধ করেছে এবং আমি কখনই সেই উপাসকমণ্ডলীতে ফিরে যাইনি।”
- “কেউ কেউ যেভাবে দল পরিচালনা করে সেটি আমি পছন্দ করি না, সেখানে মুর্থ লোকদের বোকা বোকা কথা বলতে সুযোগ দেওয়া হয়।”
- “আমি ঐ সমস্ত নতুন এসেছে যারা তাদের আশে পাশে থাকতে পছন্দ করি না যাদের অদ্ভুত কথা বলার ধরন বা গায়ে ময়লা, ছেঁড়া জামা কাপড় আছে।”

পৌল-তীমথিয় নেতৃত্ব প্রশিক্ষণ অধ্যয়ন C5e এর অন্তর্ভুক্ত “নতুন নিয়মের পারস্পরিক আদেশগুলো” পালন করুন এবং একসাথে পাঠ করুন, অথবা এই অধ্যয়নের শেষে সারাংশটি ব্যবহার করুন।

৩. আপনার সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন আসন্ন উপাসনার সময় নিয়ে।

অনুষ্ঠানে যে কাজগুলি মানানসই সেগুলি পছন্দ করুন।

প্রথম অংশ থেকে বার্ষিক জীবনে সমস্ত বা কিছু ঘটনা অভিনয় করুন।

প্রথম অংশে যা পেয়েছেন তার উপর ভিত্তি করে প্রশ্ন জিজ্ঞাসা করুন।

ছোট ছেলেমেয়েদের বড়দের সামনে নাটক, কবিতা উপস্থাপন এবং যে প্রশ্নগুলি তারা অনুশীলন করেছে সেগুলি জিজ্ঞাসা করতে দিন।

একে-অন্যের জন্য নতুন নিয়মের আদেশ পুনরায় দেখুন এবং বিশ্বাসীদের আলোচনা করতে দিন কিভাবে তারা সেগুলি পালন করেছে।

প্রভুর মেজ উপস্থাপনের জন্য যোহন ৬ঃ১-১৪ পদ থেকে গল্পটি পড়ুন বা বলুন যে কিভাবে যীশু অলৌকিক ভাবে ক্ষুদার্ত মানুষদের খাদ্য যুগিয়েছিলেন। ব্যাখ্যা করে বলুন তিনি কিভাবে আজও বিশ্বাসীদের আত্মিক খাদ্য এবং পানীয় যোগাচ্ছেন।

যদি সময় থাকে, কোন একজনকে এই কবিতাটি পড়তে বলুন।

মন্দ তার ঘোষণা করে ঘৃণা,

গভীর বিষাদ ফেলবে প্রভাব দ্রুত!

এই তো মোর আকুল অভিলাষ, বৃদ্ধি হোক মানুষের হতাশা,

দুঃখ ভরা হতাশ হৃদয় জুড়ে, ডুবুক মানুষ গভীর পাপাচারে!”

আর্তনাদ আর বেদনার দীর্ঘশ্বাসে

প্রেত পিশাচের কর্ণে গান ভাসে,

হাসে নরকের ভাঁড় দেখে অশ্রুজল

আনন্দের এই মৃত্যুতে বিদ্রুপ হাসি করে চীৎকার।

সবাই মিলে একসঙ্গে ১ যোহন ১৩ঃ১৪ পদ মুখস্থ করতে বলুন।

ছোট ছোট দল গঠন করুন যাতে একে অন্যের কাছে ব্যর্থতা স্বীকার করতে পারে, শত্রুদের জন্য প্রার্থনা করতে পারে এবং একে অন্যকে উৎসাহ প্রদান করতে পারে।

## নূতন নিয়মে 'একে-অন্যের' জন্য আদেশ

### ১. প্রেম

একে অন্যের প্রতি প্রেম : যোহন ১২:৩৪-৩৫; ৫:১২ এবং ১৭; রোমীয় ১২:১০; ১ থিমলনীকীয় ৪:৯; ১ যোহন ৩:১১, ১৪ এবং ২৩; ৪:৭, ১১ এবং ১২; ২ যোহন ১:৫; ১ পিতর ১:২২

নিয়ম পালনে একে অন্যের প্রতি প্রেম : রোমীয় ১৩:৮

একে অন্যের প্রতি আমাদের প্রেম বৃদ্ধি : ২ থিমলনীকীয় ১:৩

অন্যদের জন্য প্রেম উপচে পড়া : ১ থিমলনীকীয় ৩:১২

পাপ সমূহ আবৃত করার জন্য পরস্পরকে গভীরভাবে প্রেম করা : ১ পিতর ৪:৮

### ২. সহভাগীতা এবং পুনর্মিলন

একে অন্যের সঙ্গে সহভাগীতা থাকা : ১ যোহন ১:৭

একে অন্যকে ক্ষমা করা : ইফিসীয় ৩:১৩; ৪:৩২; কলসীয় ৩:১৩

একটি পবিত্র চুম্বনের দ্বারা একে অন্যকে অভিনন্দন জানান : রোমীয় ১৬:১৬; ১ করিন্থীয় ১৬:২০; ২ করিন্থীয় ১৩:১২; ১ পিতর ৫:১৪

কিছু ভাঙার সময় একে অন্যের জন্য অপেক্ষা করা : ১ করিন্থীয় ১১:৩৩

একে অন্যের কষ্টের ভার বহন করা : ১ করিন্থীয় ১২:২৬

### ৩. পরিচর্যা

প্রত্যেকে যে উপহার পেয়েছে তার দ্বারা একে অন্যকে পরিচর্যা করা : ১ পিতর ৪:১০

প্রথমে একে অন্যের পরিচর্যা করা : গালাতীয় ৫:১৩

একে অন্যের প্রতি দয়াশীল হওয়া : ১ থিমলনীকীয় ৫:১৫

একে অন্যের প্রতি যত্নবান হওয়া : ১ করিন্থীয় ১২:২৫

একে অন্যের জন্য বোঝা বহন : গালাতীয় ৬:২

অবনমিত হয়ে পরিচর্যার চিহ্ন স্বরূপ একে অন্যের পা ধুইয়ে দেওয়া : যোহন ১৩:১৪

একে অন্যের সঙ্গে কাজ করা : ১ করিন্থীয় ৩:৯, ২ করিন্থীয় ৬:১

### ৪. শিক্ষা

একে অন্যকে শিক্ষা প্রদান : কলসীয় ৩:১৬

একে অন্যকে নির্দেশ দান : রোমীয় ৫:১৪

### ৫. উৎসাহ প্রদান

একে অন্যকে উৎসাহ প্রদান : কলসীয় ৩:১৬, ইব্রীয় ১০:২৫

একে অন্যকে পরামর্শ প্রদান : ইব্রীয় ৩:১৩

একে অন্যকে সত্য বলা : ইফিসীয় ৪:২৫

একে অন্যের জন্য আমাদের জীবন সাঁপে দেওয়া : ১ যোহন ৩:১৬

প্রথমে ও ভাল কাজে একে অন্যকে উদ্বুদ্ধ করা : ইব্রীয় ১০:২৪

### ৬. প্রার্থনা, স্বীকার এবং আধ্যাত্মিক উন্নতিসাধন

একে অন্যের জন্য প্রার্থনা করা : যাকোব ৫:১৬

পরস্পরকে গড়ে তোলা (শক্তিশালী করা) : ১ থিম ৪:১৮ এবং ৫:১ এবং ১১

গীত, উপদেশ, প্রত্যাদেশ, বিশেষ ভাষা এবং ইহার অর্থ ব্যাখ্যার মাধ্যমে পরস্পরকে গড়ে তোলা : ১ করি ১৪:২৬

একসঙ্গে ঈশ্বরকে মহিমাঘোষিত করা : রোমীয় ১৫:৬

### ৭. নম্রতার সঙ্গে একত্রে গড়ে তোলা

একে অন্যকে সম্মান প্রদান : রোমীয় ১২:১০

একে অন্যের সঙ্গে একমত হওয়া : ২ করিন্থীয় ১৩:১১; রোমীয় ১২:১৫; ১৫:৫

পরস্পরের সমালোচনা না করা : রোমীয় ১৪:১৩

একে অন্যের প্রতি মন্দ কথা না বলা : যাকোব ৪:১১, ৫:৯

পরস্পরের বশীভূত হওয়া : ইফিসীয় ৫:২১

পরস্পরের প্রতি নম্রতায় কটি বন্ধন করা : ১ পিতর ৫:৫

### ৮. একত্রে বসবাস

একে অন্যের প্রতি ধৈর্য প্রদর্শন : ইফিসীয় ৪:২

একে অন্যের সঙ্গে শান্তিতে বসবাস : মথি ৯:৫০

একে অন্যকে আতিথেয়তার দ্বারা গ্রহণ : রোমীয় ১৫:৭, ১ পিতর ৪:৯